



Association for Protection of Democratic Rights

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি

Eternal Vigilance is the Price of Liberty

18 Madan Baral Lane , Kolkata- 700 012

Website: www.apdrwb.in Email: apdrwb@gmail.com

Contact: 9433101611

প্রেস বিবৃতি

দেশজুড়ে পপুলার ফ্রন্ট অব ইন্ডিয়া (PFI)-র উপর ভয়ংকর রাষ্ট্রীয় নিপীড়ন নেমে এসেছে। সারা দেশে PFI এর অফিস ও নেতৃত্ববৃন্দের বাড়িতে তল্লাসি চালিয়েছে NIA এবং ED। গ্রেপ্তার করা হয়েছে শতাধিক নেতা, কর্মীকে। পি এফ আই এর বিরুদ্ধে সন্ত্রাসবাদী কাজকর্ম, জবরদস্তি ধর্মান্তর ও সন্দেহজনক টাকা লেনদেনের অভিযোগ তুলেছে ভারত সরকার। PFI তাদের বিরুদ্ধে আনা সমস্ত অভিযোগই অস্বীকার করেছে।

অতীতেও সন্ত্রাসী কাজকর্মের অভিযোগে বারবার PFI কর্মীদের গ্রেপ্তার করা হয়েছে। অফিসে অফিসে তল্লাসি চালিয়েছে। কিন্তু আদালতে গিয়ে সরকার কিছুই প্রমাণ করতে পারেনি। কিন্তু এত বিরাট মাপের আক্রমণ এর আগে হয়নি। গতকাল সরাদেশে ১৫ টি রাজ্যে PFI এর অফিস ও নেতৃত্ববৃন্দের বাড়ি মিলিয়ে ৯৩ টি জায়গায় এনআই এ ও ইডি তল্লাসি চালিয়েছে। ১১০ জনকে গ্রেপ্তার করেছে বলে অভিযোগ।

এপিডিআর PFI এর উপর এই আক্রমণকে তীব্র ভাষায় নিন্দা করছে। এবং সকলকে এর বিরুদ্ধে প্রতিবাদ জানানোর আহ্বান জানাচ্ছে।

আমরা মনে করি PFI এর উপর ভারতরাস্ট্রের এই সন্ত্রাস গভীর রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত এবং প্রতিহিংসামূলক। PFI মূলত মুসলিম ধর্মান্তরকারী মানুষদের সংগঠন। সামাজিক ও অর্থনৈতিক ভাবে মুসলমানদের উন্নতিসাধন এবং মুসলমানদের জন্য সমান রাজনৈতিক ক্ষমতা আদায় তাদের ঘোষিত লক্ষ্য। সকলেই জানেন PFI এর সঙ্গে যুক্ত একটি সংসদীয় রাজনৈতিক সংগঠনও আছে। এই রাজনৈতিক সংগঠন লোকসভা থেকে পঞ্চায়েত পর্যন্ত বিভিন্ন স্তরে নির্বাচনে অংশ নেয়। কিছু রাজ্যে নানা স্তরে তাদের কিছু নির্বাচিত জন প্রতিনিধিও রয়েছে। PFI কোন নিষিদ্ধ সংগঠন নয়।

২০২৪ সালের লোকসভা নির্বাচনকে মাথায় রেখে বিজেপি - আরএসএস মুসলমানদের প্রতি দ্বিমুখী নীতি নিয়ে চলেছে। একদিকে মুসলিম বুদ্ধিজীবী ও ধর্মীয় নেতাদের পক্ষে আনার জন্য তাদের দরজায় দরজায় ঘুরছে। অন্যদিকে রাজনৈতিক ভাবে বিরোধী তুলনামূলক শক্তিশালী মুসলিম সংগঠনগুলিকে রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে ধ্বংস করে দিতে চাইছে। ধর্মীয় মেরুকরণ করার লক্ষ্যে এই সংগঠনগুলিকে দেশ বিরোধী, মৌলবাদী - সন্ত্রাসবাদী বলে কোনঠাসা করে হিন্দুত্বের লহর তোলাও এদের লক্ষ্য। NRC - CAA বিরোধী আন্দোলনে PFI এর সক্রিয় ও গুরুত্বপূর্ণ ভূমিকাও তাদের ভারত সরকারের টার্গেট করে তুলেছে।

মতাদর্শগত ভাবে PFI এর অবস্থান যাই হোক না কেন এজেপ্সি নামিয়ে, সন্ত্রাস সৃষ্টি করে বা নিষিদ্ধ করে এই মতাদর্শকে দমন করার পরিকল্পনা এক রাষ্ট্রীয় সন্ত্রাস। কোনো মতাদর্শের বিরুদ্ধে লড়াইটা নীতিগত, আদর্শগত, রাজনৈতিক হওয়া উচিত। তাদের আদর্শ বা নীতি ভুল মনে করলে তার বিরুদ্ধে নীতিগত লড়াইটাই লড়তে হবে। রাষ্ট্র শক্তি ব্যবহার করে, নিষিদ্ধ করে, জেলে পুরে দমন করাটা গণতন্ত্রের পক্ষে বিপদজনক। ইতিহাস বারবার এটাই প্রমাণ করেছে।

তাই ভারত সরকারের কাছে আমাদের দাবী, রাষ্ট্রীয় এজেন্সি নামিয়ে বিরোধী রাজনৈতিক শক্তিকে দমন করার চিন্তা পরিহার করুন। ধৃত PFI নেতাদের অবিলম্বে মুক্তি দিন।

Ranjit Sin

রঞ্জিত শূর,
সাধারণ সম্পাদক,
এপিডিআর।
২৩/০৯/২২